সমকাল

তারিখ ... 17 OCT 2017
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 6 ...

# দুর্যোগপ্রবণ এলাকায় আলাদা শিক্ষাক্রম প্রণয়ন দাবি

■ সমকাল প্রতিবেদক

দেশে সম্প্রতি ঘটে যাওয়া ভয়াবহ বন্যার ফলে শিশুদের শিক্ষা কার্যক্রমে বাধার সৃষ্টি হয়েছে। অনেক শিশু পরীক্ষায় খারাপ ফল করছে। তাই দুর্যোগপ্রবণ এলাকার শিক্ষা বোর্ডের জন্য 'আলাদা শিক্ষাক্রম ও পাঠ্যসূচি' প্রণয়নের দাবি জানিয়েছেন 'চাইল্ড পার্লামেন্ট'-এর বিশেষ অধিবেশনের বক্তারা। গতকাল সোমবার রাজধানীর শিশু একাডেমির লেকচার থিয়েটার মিলনায়তনে 'চাইল্ড পার্লামেন্ট'-এর এই বিশেষ অধিবেশন অনুষ্ঠিত হয়। শিশু একাডেমির সহযোগিতায় চাইল্ড পার্লামেন্টের ১৪তম অধিবেশনের আয়োজন করে বেসরকারি আন্তর্জাতিক সংস্থা সেভ দ্য চিলড্রেন ও প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান বলেন, সরকার দুর্যোগপ্রবণ এলাকার জন্য টেকসই মানের বিদ্যালয় নির্মাণ ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে কাজ করছে। তিনি বলেন, আজকের যারা শিশু, তারাই আগামীর নেতৃত্বে থাকবে। তাই শিক্ষার উন্নয়ন এবং সবার জন্য শিক্ষা নিশ্চিত করতে যা যা করা প্রয়োজন, এ সরকার সবই করবে। বিশেষ অতিথির বক্তব্যে অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এমএ মান্নান বলেন, বর্তমান সরকার শিশুদের উন্নয়নে আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে। সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রণালয়' থেকে প্রকল্প প্রস্তাব এলে অর্থ মন্ত্রণালয় তার অর্থায়নে সর্বাত্মক চেষ্টা করবে।

চাইল্ড পার্লামেন্টে স্পিকার হিসেবে বক্তব্য রাখেন মেফতাহুন নাহার। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন– মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মাসুক মিয়া, শিশু একাডেমির পরিচালক আনজীর লিটন, সেভ দ্য চিলড্রেনের প্রোগ্রাম ডেভেলপমেন্ট এবং কোয়ালিটি বিষয়ক পরিচালক রিফাত বিন সাত্তার, প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশের ডেপুটি কান্ট্রি ডিরেক্টর সৌম্য ব্রত গুহ, হেড অব চাইল্ড রাইটস প্রটেকশন তানিয়া নুসরাত জামান প্রমুখ।